

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।



[মুসক অনুবিভাগ]

সাধারণ আদেশ নং- ১/মুসক/২০২৪,

তারিখ: ২০ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/ ০৫ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠান হতে অন্য একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানে রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ হস্তান্তর বা বিক্রয়ের ক্ষেত্রে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে মূসক অব্যাহতি প্রদান।

যেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২৩ অনুযায়ী রপ্তানির নিমিত্ত পণ্য সরবরাহ শূন্য হার বিশিষ্ট; এবং

যেহেতু, ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানসমূহ রপ্তানির নিমিত্ত পণ্য উৎপাদন করিয়া থাকে; এবং

যেহেতু, ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানের ব্যবসায়ী কার্যক্রম সহজীকরণ এবং রপ্তানিকে উৎসাহিতকরণ একান্তভাবে প্রয়োজন;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠান হতে অন্য একটি ওয়্যারহাউস লাইসেন্সধারি প্রতিষ্ঠানে রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ হস্তান্তর বা বিক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্থানীয় ব্যবসায়ী পর্যায়ে আরোপনীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল:

শর্তাবলি:

- (ক) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ গ্রহণকারী ও সরবরাহ প্রদানকারী উভয়ই ওয়্যারহাউস লাইসেন্সধারী হইতে হইবে;
- (খ) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ প্রদানকারী প্রতিষ্ঠান যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির স্বপক্ষে বিল অব এন্ট্রি বা পণ্যের ঘোষণাসহ সরবরাহ প্রদানের অনুমতি চেয়ে, সংশ্লিষ্ট ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনার এর নিকট আবেদন করিবেন এবং ওয়্যারহাউস লাইসেন্স প্রদানকারী কমিশনার এই আদেশের অন্যান্য শর্তাবলি পরিপালিত হওয়া সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে সরবরাহের অনুমতি প্রদান করিবেন; এবং
- (গ) রেয়াতিহারে আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরবরাহ গ্রহণকারী ও সরবরাহ প্রদানকারী উভয়েরই যন্ত্রপাতি ও যন্ত্রাংশের তালিকা যে কর মেয়াদে সরবরাহটি সম্পন্ন হবে উক্ত কর মেয়াদের রিটার্নে প্রদর্শনসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাঃ/—

(ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,

তেজগাঁও, ঢাকা।


(তঁাহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো)।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৩২.২০১৩ (অংশ-১)/৩০০

তারিখঃ ০৫ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৩। সদস্য (মুসক নীতি)/(মুসক বাস্তবায়ন ও আইটি)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/
চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৭-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ২১। মহাপরিচালক, মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ঢাকা।
- ২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট ঢাকা উত্তর/দক্ষিণ/চট্টগ্রাম।
- ২৩-২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য
অনুরোধ করা হলো)।
- ২৫। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।


[ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুশী]
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)